
# আগামী নির্বাচন উদাহরণ হিসেবে প্রতিষ্ঠিত হবে: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং জাতীয় সনদ বাস্তবায়নের প্রস্তুতি নিয়ে বুধবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে একটি উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করতে নেওয়া পদক্ষেপ, নিরাপত্তা ব্যবস্থা এবং প্রশাসনিক প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান উপদেষ্টা বলেন, নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহায়তা করা আমাদের দায়িত্ব। এই প্রক্রিয়াটি শুধু একটি সাধারণ নির্বাচন নয়, বরং দেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ, যা সফলভাবে সম্পন্ন হলে ঐতিহাসিক উদাহরণ হয়ে থাকবে।

তিনি আরও বলেন, নির্বাচনের দিন কোনো অনিয়ম বা ঘাটতি যেন না থাকে, সে বিষয়ে প্রতিটি দফতর এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সর্বোচ্চ মনোযোগী হতে হবে। ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত নির্বাচন এমনভাবে পরিচালিত হবে যা দেশের রাজনৈতিক ও প্রশাসনিক প্রক্রিয়ার মান বৃদ্ধি করবে এবং ভবিষ্যতের নির্বাচনের জন্য আদর্শ স্থাপন করবে।

সভায় অংশগ্রহণকারীরা ভোটারদের নিরাপত্তা, ভোট কেন্দ্রের প্রস্তুতি, আইনশৃঙ্খলা রক্ষার কৌশল এবং জরুরি পরিস্থিতিতে দ্রুত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া নিয়ে বিস্তারিত পরিকল্পনা পেশ করেন।